জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.nha.gov.bd

স্মারকনং-২৫.৩৮.০০০০.৫০২.৩৮.০১১.২৪- তারিখঃ-

বরাদ্দপত্র

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন ঢাকার মিরপুর হাউজিং এষ্টেটের সেকশন-৮, ব্লক-ক, রোড-৯ এর ৩ নং আবাসিক প্লটের ২.৫০ কাঠা আয়তনের জমি বর্তমান প্রচলিত মূল্যে ৯৯ বৎসরের লীজ চুক্তি শর্তে বর্ণিত শর্ত সাপেক্ষে বরাদ্দ প্রদান করা হলো।

শর্তসমুহঃ-

১। বরাদ্দকৃত জমির সালামী (Down Payment) প্রতি কাঠা ২৫,০০,০০০/- (পচিশ লক্ষ) টাকা হিসাবে মোট ৬২,৫০,০০০/- (বাষট্টি লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র ধার্য করা হলো। যা এককালীন পরিশোধ করা যাবে। (জমির পরিমান ২.৫০ কাঠা) এবং প্লটটির মূল্য নিম্ন 'ছক' অনুযায়ী পরিশোধ করতে হবে।

কিস্তির ক্র:নং	কিস্তির মূল টাকার পরিমাণ	কিস্তি ফি ৯%	কিস্তির মোট টাকা	ষান্মাষিক কিস্তিতে পাওনার তারিখ
১	২	৩	৪ = (২+৩)	৫
১ম কিস্তি (প্লটের মূল্যের ২০%)	১২,৫০,০০০/-	২,৮১,২৫০/-	১৫,৩১,২৫০/-	বরাদ্দপত্র জারীর ০৬ (ছয়) মাসের মধ্যে
২য় কিস্তি (প্লটের মূল্যের ২০%)	১২,৫০,০০০/-	২,২৫,০০০/-	১৪,৭৫,০০০/-	বরাদ্দপত্র জারীর ১২ (বারো) মাসের মধ্যে
৩য় কিস্তি (প্লটের মূল্যের ১৫%)	৯,৩৭,৫০০/-	১,৬৮,৭৫০/-	১১,০৬,২৫০/-	বরাদ্দপত্র জারীর ১৮ (আঠার) মাসের মধ্যে
৪র্থ কিস্তি (প্লটের মূল্যের ১৫%)	৯,৩৭,৫০০/-	১,২৬,৫৬৩/-	১০,৬৪,০৬৩/-	বরাদ্দপত্র জারীর ২৪ (চব্বিশ) মাসের মধ্যে
৫ম কিস্তি (প্লটের মূল্যের ১৫%)	৯,৩৭,৫০০/-	৮৪,৩৭৫/-	১০,২১,৮৭৫/-	বরাদ্দপত্র জারীর ৩০ (ত্রিশ) মাসের মধ্যে
৬ষ্ঠ কিস্তি (প্লটের মূল্যের ১৫%)	৯,৩৭,৫০০/-	৪২,১৮৮/-	৯,৭৯,৬৮৮/-	বরাদ্দপত্র জারীর ৩৬ (ছত্রিশ) মাসের মধ্যে
মোট =	৬২,৫০,০০০/-	৯,২৮,১২৫/-	৭১,৭৮,১২৫/-	

২। কিস্তির টাকা জমা দেওয়ার পর সংশ্লিষ্ট হিসাব শাখায় জমা প্রদান করতে হবে। কিস্তি পরিশোধের পর নির্বাহী প্রকৌশলীর কার্যালয় হতে জমির সরেজমিন দখল বুঝিয়ে দেওয়া হবে। দখল বুঝিয়ে দেয়ার কালে জমির পরিমানের তারতম্য হলে জমির মূল্য পুনরায় নির্ধারিত হবে।

৩। দখল বুঝিয়ে দেয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বরাদ্দ গ্রহীতাকে এ কার্যালয়ে হাজির হয়ে নিজ খরচে জমির লীজ দলিল সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়ে নিতে হবে।

৪। উপরে বর্ণিত অনুচ্ছেদ-২, ৩ ও ৪ এর নির্দেশনা অনুযায়ী টাকা জমা না করলে অথবা লীজ দলিল রেজিষ্ট্রি না করে নিলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই বরাদ্দাদেশ আপনা আপনিই বাতিল বলে গণ্য হবে এবং এ অফিস হতে কোন যোগাযোগ করা হবে না।

৫। দ্বিতীয় (ডুপ্লিকেট) কপিসহ লীজ দলিল সম্পাদন ও রেজিষ্ট্রেশণের নিমিত্ত নমুনা ফরম প্রতি কপি নগদ ৫০০/- টাকা এবং জমির ৪ (চার) কপি স্থানীয় নকশা প্রতি কপি নগদ ৫/- টাকার বিনিময়ে স্থানীয় নির্বাহী প্রকৌশলীর অফিস হতে সংগ্রহ করতে হবে। দ্বিতীয় (ডুপ্লিকেট) কপি লীজ দলিল রেজিষ্ট্রির খরচসহ এ সংক্রান্ত অন্যান্য রেকর্ড রাখার জন্য স্থানীয় নির্বাহী প্রকৌশলীর অফিসে জমা দিতে হবে। লীজ দলিল সম্পাদনের ২ (দুই) বৎসরের মধ্যে রাজউক অনুমোদিত নকশা অনুযায়ী ইমারত নির্মাণ করতে হবে।

৬। লীজ দলিল সম্পাদনের বৎসর হতে বরাদ্দ গ্রহীতা ও জমির খাজনা সরকার/কর্তৃপক্ষের প্রচলিত আইন অনুযায়ী প্রদান করতে হবে।

৭। এ জমিতে বরাদ্দপত্র বলে কোন রূপ মালিকানা শর্ত প্রতিষ্ঠিত হবে না এবং এ দপ্তরের অনুমতি ছাড়া কোন প্রকার বিক্রয়/হস্তান্তর/দান/হেবা/বন্ধক/আমমোক্তার ইত্যাদি প্রদান করা চলবে না।

৮। বরাদ্দ গ্রহীতা কর্তৃক সরবরাহকৃত কোন তথ্য ভবিষ্যতে অসত্য বলে প্রতীয়মান হলে বরাদ্দ বাতিল বলে গণ্য করা হবে।

৯। লীজ দলিল সম্পাদনের সময় চুক্তিনামা দলিলের অন্যান্য শর্তাবলী আরোপ করা হবে।

১০। সরকার/কর্তৃপক্ষ যে কোন মূহুর্তে উপর্যুক্ত শর্তাবলী শিথিল করে জনস্বার্থে নতুন শর্ত সংযোজন করার ক্ষমতা রাখেন।

১১। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ২৫০তম বোর্ড সভার সিদ্ধান্তক্রমে অত্র বরাদ্দপত্র জারী করা হলো।

(আর.এম. সেলিম শাহনেওয়াজ)
উপপরিচালক-১
ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
তারিখঃ- 20/02/2028

জনাব মোঃ শফি উদ্দিন
পিতা-মেহের আলী, মাতা-বাছিরন
সাং- সেকশন-৮, ব্লক-ক, রোড-৯ এর ৩ নং আবাসিক প্লট
সম্প্রসারিত রূপনগর আবাসিক এলাকা, মিরপুর, ঢাকা।

স্মারকনং-২৫.৩৮.০০০০.৫০২.৩৮.০১১.২৪- ২০২৪/১(৩)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর, ঢাকা।
২। প্রোগ্রামার, কম্পিউটার সেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৩। প্রশাসনিক কর্মকর্তা (এষ্টেট) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর, ঢাকা।
৪। অফিস কপি (পূর্বতন নথি নং-ই.আর-০১/২০২৪)।

উপপরিচালক-১
ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

E:\NHA-21-12-2023\Mirpur\Boraddo\Boraddo\BARADA PATRA.doc